

ঢাকা বিশ্ববিদ্যালয়ে
ডীন পুরস্কার

বাসস ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা
অনুষদের ডীন অধ্যাপক কাজী শহিদুল্লাহ
গতকাল (শনিবার) দেশীয় ও আন্তর্জাতিক
পর্যায়ে শিক্ষকদের গবেষণামূলক প্রবন্ধ ও
গবেষণাধর্মী গ্রন্থ প্রকাশককে উৎসাহিত করার
জন্য ডীন পুরস্কার ঘোষণা করিয়াছেন।
পুরস্কারের বিষয়সমূহ হইতেছে বিদেশে
প্রকাশিত উল্লেখযোগ্য প্রবন্ধের জন্য ৫ হাজার,
বছরের শ্রেষ্ঠ গ্রন্থের জন্য পুরস্কার ৫ হাজার
টাকা, বাংলায় প্রকাশিত শ্রেষ্ঠ গবেষণামূলক
প্রবন্ধের জন্য ৩ হাজার টাকা (শুধুমাত্র
অনুষদের প্রভাষক ও সহকারী অধ্যাপকদের
জন্য) এবং ইংরেজীতে প্রকাশিত শ্রেষ্ঠ
গবেষণামূলক প্রবন্ধের জন্য ৩ হাজার টাকা
(শুধুমাত্র অনুষদের প্রভাষক ও সহকারী
অধ্যাপকদের জন্য)। ইহাছাড়া বাংলা ও
ইংরেজী ফাউন্ডেশন কোর্সে বাংলা ও ইংরেজী
কোর্স মিলিয়ে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত শিক্ষার্থীকে ডীন
ফাউন্ডেশন কোর্স প্রতি বছর ২ হাজার টাকা
পুরস্কার দিবে। আগামী ২০০০ সালের জানুয়ারী
মাস হইতে এ পুরস্কারগুলি প্রদান করা হইবে।